

দুর্নীতির দায়ে প্রধান শিক্ষক বরখাস্তের জেরে ১১ দু'জন শিক্ষক লাঞ্চিত

লালপুর (নটোর) থেকে সুবোদাতা : বড়াইয়াম উপজেলার বাহীমালী উচ্চ বিদ্যালয়ের ২ লাখ ৪৫ হাজার টাকা আত্মসাৎ সীমাহীন দুর্নীতি কর্তব্যে অবহেলা এবং চেক বইয়ের সই জালসহ নানা অভিযোগে বিদ্যালয়ের প্রধান শিক্ষককে সাময়িক বরখাস্তের জের হিসেবে ডার পেটোয়া বাহিনী কর্তৃক ২ শিক্ষক লাঞ্চিত হয়েছেন।

সূত্রে জানা যায়, বাহীমালী উচ্চ

বিদ্যালয়ের প্রধান শিক্ষক ম্যানেজিং কমিটির সভাপতির সই জাল করে ব্যাংক থেকে টাকা উত্তোলনসহ বিদ্যালয়ের বিভিন্ন বাডের ২ লাখ ৪৫ হাজার টাকা আত্মসাৎ করেন। ২০০২ সালের ২৭শে নভেম্বর শিক্ষকরা সভাপতি বরাবর প্রধান শিক্ষকের বিরুদ্ধে লিখিতভাবে অনাহু প্রস্তাব উপস্থাপন করেন। তদন্ত সাপেক্ষে এসব অনিয়মের কারণে ম্যানেজিং কমিটি প্রধান শিক্ষককে সাময়িকভাবে বরখাস্ত করেন। প্রধান শিক্ষকের বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে সহযোগিতা করায় প্রধান শিক্ষকের পাঠানো সত্কারী ২৭শে এপ্রিল ফুল চলাকালীন শিক্ষকদের ওপর চড়াও হয়ে রেজাউল করিম (কিএসসি) ও আব্দুল হোসেনকে (মওদানা) লাঞ্চিত করে। এতে এলাকায় ব্যাপক উত্তেজনা সৃষ্টি হলে পরিষ্কৃতি নিয়ন্ত্রণে আনতে পুলিশের হস্তক্ষেপের ব্যবস্থা করা হয়। এ রিপোর্ট লেখা পর্যন্ত ক্রাস বন্ধ রয়েছে।